

যুগান্তর

তারিখ ... ০-৪-DEC-2006 ...

পৃষ্ঠা ৭ কলাম ... ৫ ...

রাবর ভাত পরীক্ষা আজ থেকে আসনপ্রতি প্রতিযোগী ৭৯ জন

রাবি প্রতিনিধি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ২০০৬-০৭ শিক্ষা বর্ষে প্রথম বর্ষ সন্মান শ্রেণীর ভর্তি পরীক্ষা আজ থেকে শুরু হচ্ছে। এবছর প্রতি আসনের বিপরীতে ৭৯ জন শিক্ষার্থী প্রতিদ্বন্দ্বিতা করছে। সহজে ফলাফল সংগ্রহে এবার ওয়েবসাইট ও মোবাইল সার্ভিসের দারুণ সব সুযোগ থাকছে। অল্প সকাল ৯টা থেকে ১০টা পর্যন্ত ফিশারিজ এন্ড একুয়াকালচার, বেলা ১১টা থেকে ১২টা পর্যন্ত ডুতন্ত ও খনিবিদ্যা এবং বিকাল ৩টা থেকে ৪টা পর্যন্ত এগ্রোনমি এন্ড এগ্রিকালচারাল এন্ডটেনশন বিভাগের পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার আসন বিন্যাসসহ ভর্তি সংশ্লিষ্ট প্রয়োজনীয় তথ্যাবলী প্রার্থীদের নিজ দায়িত্বে ভর্তি সংশ্লিষ্ট বিভাগ থেকে জেনে নিতে বলা হয়েছে। অনিবার্য কারণবশত কোন তারিখের পরীক্ষা অনুষ্ঠিত না হলে ওইদিনের পরীক্ষাগুলো সব পরীক্ষার শেষে অনুষ্ঠিত হবে। তবে ওইদিন (শেষ দিন) ছুটি বা বন্ধ থাকলে তার পরের দিন পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ভর্তি পরীক্ষার ফলাফল সংশ্লিষ্ট বিভাগ ছাড়াও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.ru.ac.bd-এ সাধারণভাবে, রাবি শিক্ষার্থীদের তৈরি ওয়েবসাইট www.rubd.net-এ ডেটাবেজ ভিত্তিক (৩ধু রোল নম্বর দিয়েই এ ফলাফল সার্চ করা যাবে) ফলাফল পাওয়া যাবে। এছাড়াও এ ওয়েবসাইটের মোবাইল ভার্সন www.wap.rubd.net মোবাইল থেকে ব্রাউজ করেও ফলাফল সংগ্রহ করা যাবে। মোবাইল এসএমএসের মাধ্যমেও এবার রাজশাহী

বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার ফলাফল পাওয়ার সুযোগ থাকছে। নিউএজ ইনফোটেক সার্ভিসেস লিমিটেডের বিজনেস ডেভেলপমেন্ট অফিসার ও ওয়েব ডিজাইনার রুকিবজ্জামান নিয়ন জানান, এক্ষেত্রে মোবাইলের মেসেজ অপশনে গিয়ে বিশ্ববিদ্যালয়ের নাম (RU), বিভাগের নামের প্রথম তিন অক্ষর ও রোল নম্বর লিখে জিপি/একটেল/সিটিসেল/বাংলালিংকের ক্ষেত্রে ২২৩৩ এবং টেলিটকের ক্ষেত্রে ৫৫৬৬ নম্বরে পাঠাতে হবে। আর যেসব বিষয়ের নামের প্রথম তিন অক্ষর একই ধরনের পেসসব ক্ষেত্রে পুরোটাই লিখতে হবে। ফিরতি মেসেজে পাওয়া যাবে ওইসব বিষয়ের কোড। মেসেজ পাঠানোর পর ফিরতি মেসেজেই পাওয়া যাবে ফলাফল। বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার দফতর সূত্রে জানা গেছে, চলতি শিক্ষা বর্ষে বিশ্ববিদ্যালয়ের ৪৮ বিভাগের মোট ৩ হাজার ২৫০টি আসনের বিপরীতে এবার ভর্তি ফরম জমা পড়েছে ২ লাখ ৫৬ হাজার ৪৫৪টি। সবচেয়ে বেশি ফরম জমা পড়েছে ব্যবস্থাপনা বিভাগে (১৫ হাজার ১৬৮টি)। বিভাগ হিসেবে সবচেয়ে বেশি প্রতিযোগিতা হবে গণযোগাযোগ বিভাগে। এ বিভাগে ৪৫টি আসনের বিপরীতে মোট ৭ হাজার ৮৭৫টি ফরম জমা পড়েছে অর্থাৎ আসনপ্রতি প্রতিযোগীর সংখ্যা ১৭৫ জন। এবছর ভর্তি ফরম থেকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আয় করেছে ২ কোটি ৫৬ লাখ ৪৫ হাজার ৪০০ টাকা। পরীক্ষা চলবে ২৩ ডিসেম্বর পর্যন্ত। বিশ্ববিদ্যালয় উপাচার্য অধ্যাপক ড. এম আলতাফ হোসেন ভর্তি পরীক্ষা সূষ্ঠ-ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য বিশ্ববিদ্যালয়